

স্নাতকোত্তর পরীক্ষা ২০১৭

বাংলা

সেমিস্টার : ৪ : কোর্স : ২

বিশেষ পত্র : বিংশ শতাব্দীর বাংলা নাটক

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

- ১। উনিশ শতকের মাঝামাঝি পর্যন্ত যে-সমস্ত থিয়েটার বাংলায় গড়ে উঠেছিল, তার পরিচয় দাও ও বাংলা নাটকের বিবর্তনে এগুলির গুরুত্ব আলোচনা করো। ৬+৪=১০
- ২। ব্যক্তিগত উদ্যোগে উনিশ শতকের মধ্যভাগে বাংলায় গড়ে ওঠা থিয়েটারগুলির গুরুত্ব আলোচনা করো। ১০
- ৩। জাতীয় রঙ্গমঞ্চ স্থাপনের প্রেক্ষাপট পর্যালোচনা করে এই রঙ্গমঞ্চ সম্পর্কে বিশদে আলোচনা করো। ১০

একক - ২

- ৪। গণনাট্য সঙ্ঘের 'নবান্ন' প্রযোজনা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০
- ৫। বহুরূপীর 'রক্তকরবী' প্রযোজনার বিশিষ্টতার দিকগুলি উল্লেখ করো। ১০
- ৬। মিনার্ভায় উৎপল দত্তের 'অঙ্গার' নাটকটির প্রযোজনা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

একক - ৩

- ৭। 'ডাকঘর' নাটকে ঠাকুরদা চরিত্রের তাৎপর্য নিরূপণ করো। ১০
- ৮। 'ডাকঘর' নাটকে অমলের সীমাবদ্ধ জগৎ থেকে বিশ্বজগতে কীভাবে উত্তরণ ঘটেছে, তার পরিচয় দাও। ১০
- ৯। 'ডাকঘর' নাটকের নামকরণের সার্থকতা সম্পর্কে আলোচনা করো। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

- (ক) লেবেদেভের থিয়েটারটির নাম কী ছিল ? এই থিয়েটারের ঠিকানা কী ছিল ?
- (খ) বেঙ্গল থিয়েটারে কোন্ নাটকে কবে প্রথম কোনো অভিনেত্রী অভিনয় করেন ?
- (গ) যোগেশচন্দ্র চৌধুরীর 'সীতা' নাটকটির প্রথম অভিনয় কত সালে ? নাটকটিতে রামের ভূমিকায় কে অভিনয় করেন?
- (ঘ) ক্যালকাটা রেপার্টারি থিয়েটার-এ 'গালিলেওর জীবন' কত সালে প্রথম অভিনীত হয় ? নাটকটিতে গালিলেওর ভূমিকায় কে অভিনয় করেন ?
- (ঙ) আমি যদি কাঠবিড়ালী হতুম তবে বেশ হত।'— কে, কাকে একথা বলেছে ?
- (চ) 'তোমাদের এই ছেলেটি যে রাজার চিঠির জন্য অপেক্ষা করে আছে।'— এটি কার উক্তি ? কাকে একথা বলা হয়েছে ?